দৈনিক ইত্তেফাক

তারিখ 04 OCT 2016
পৃষ্ঠা ৫ কলাম ২

# ইভটিজিংয়ের জেরে রাবিতে ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষ

■ রাবি সংবাদদাতা

এক ছাত্রীকে ইভটিজিংয়ের জের ধরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে মারামারির ঘটনা ঘটেছে। গত রবিবার রাত সাড়ে ৯ টার দিকে বিশ্ববিদ্যায়ের নবাব আব্দুল লতিফ হলের সামনে এ ঘটনা ঘটে। এসময় ছাত্রলীগের নেতা-কর্মীরা লোহার রড-লাঠি সোটা নিয়ে এক পক্ষ অন্য পক্ষের উপর হামলা করে। পরে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও পুলিশ প্রশাসন এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ ঘটনায় উত্তেজনা ছড়িয়ে পড়লে সাধারণ শিক্ষার্থীদের মাঝে আতঙ্ক দেখা দেয়।

বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক খালিদ হাসান বিপ্লব বলেন, 'লতিফ হলে একটি বিষয় নিয়ে সমস্যা হয়েছিল। পরে আমরা গিয়ে বিষয়টি মীমাংসা করে দিয়েছি।' বর্তমান পরিস্থিতি শান্ত আছে উল্লেখ করে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক মুজিবুল হক আজাদ খান বলেন, 'পরিস্থিতি নিয়ন্ত্রণ করা হয়েছে।'